জিইপি /বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট
কমিশনারেট ঢাকা (উত্তর)
বাড়ি নং-৬, সোনারগাঁ জনপথ
সেক্টর নং-১১, উত্তরা, ঢাকা।
www.dknvat.gov.bd

নথি নং ৪-মূসক/৮(৭০)ক্যাফে হলিউড/কর ফাঁকি/ বিচার/২০১৫/ ৮৯৫ তারিখঃ- ০৭।১২।১৫

প্রেরক ঃ কমিশনার।

প্রাপক ঃ ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী
ক্যাফে হলিউড,
বাড়ী-২৫ (৫ম তলা) পয়েন্ট-১১,
ব্লক- এইচ, রোড-১১,বনানী, ঢাকা-১২১৩।

বিষয় ঃ ক্যাফে হলিউড, বাড়ী-২৫ (৫ম তলা) পয়েন্ট-১১, ব্লক- এইচ, রোড-১১,বনানী, ঢাকা নামীয় প্রতিষ্ঠানটির অনাদায়ী মূল্য সংযোজন কর (মূসক) বাবদ ১৮,৮৭,৮০৬/- (আঠার লক্ষ সাতাশি হাজার আটশত ছয় টাকা মাত্র) টাকা আদায়ের লক্ষ্যে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫(১) অনুযায়ী দাবীনামা একই আইনের ধারা ৫৫(৩) অনুযায়ী চূড়ান্তকরণ।

সূত্র ঃ ১। গুলশান বিভাগীয় দপ্তরের পত্র নং-৪/মূসক/গুঃবিঃ/মূসক ফাঁকি/ ক্যাফ/২০/১৫/৪১৮৩, তারিখ ২৮.০৬.২০১৫খ্রিঃ।
২। এ দপ্তরের সমনথির পত্র নং-৩৩৬, তাং-২৪.০৮.১৫খ্রিঃ।
৩। আপনার পত্র নথি নং-ক্যাফে হলিউড/২০১৫/৫০৭,তাং-০৮.০৯.২০১৫খ্রিঃ।
৪। এ দপ্তরের সমনথির পত্র নং-৫৭৪, তাং-১৩.১০.১৫খ্রিঃ।
৫। এ দপ্তরের সমনথির পত্র নং-৬০৭, তাং-১৮.১০.১৫খ্রিঃ।
৬। এ দপ্তরের সমনথির পত্র নং-৬৩২, তাং-২১.১০.১৫খ্রিঃ।
৭। আপনার পত্র নথি নং-নাই,তাং-২৬.১০.২০১৫খ্রিঃ।
৮। এ দপ্তরের সমনথির পত্র নং-৬৭১, তাং-০১.১১.১৫খ্রিঃ।
৯। আপনার পত্র নথি নং-নাই,তাং-০৩.১১.২০১৫খ্রিঃ।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	ক্যাফে হলিউড, বাড়ী-২৫ (৫ম তলা) পয়েন্ট-১১, ব্লক- এইচ, রোড-১১,বনানী, ঢাকা-১২১৩।
মূসক নিবন্ধন নম্বর	১৮১৩১০৭৮৩৭৩
কার্যক্রমের ধরন	রেঁস্টুরেন্ট।
মূসক পরিহারের মেয়াদ	মে/১৪ হতে মে/১৫
পরিহারকৃত মূসকের সাথে জড়িত সেবার মূল্য	১,৪৪,৭৩,১৮২/- (এক কোটি চুয়াল্লিশ লক্ষ তিয়াত্তর হাজার একশত বিরাশি মাত্র) টাকা।
পরিহারকৃত মূসক এর পরিমাণ	১৮,৮৭,৮০৬/- (আঠার লক্ষ সাতাশি হাজার আটশত ছয়) টাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আর্কষণ করা হ'ল।

০২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গুলশান বিভাগ, ঢাকা এর আদেশ নং-৪/মূসক/পরিঃ/কর দাঃ নিরঃ/গুঃবিঃ/৯৩/১৪/৩৪৭৩(৬), তারিখ-২৫/০৫/২০১৫ইং মোতাবেক ক্ষমতাপ্রাপ্ত হয়ে এবং বিভাগীয় কর্মকর্তার সার্বিক

তত্ত্বাবধানে রাজস্ব কর্মকর্তা, গুলশান সার্কেল-৪, ঢাকা এর নেতৃত্বে একটি তদন্ত দল গত ২৫/০৫/২০১৫ইং তারিখে আপনার প্রতিষ্ঠানে গমণপূর্বক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২৬ এবং ধারা-৪৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণার্থে প্রদত্ত ক্ষমতা প্রদানপত্রের একটি অনুলিপি প্রতিষ্ঠান প্রতিনিধি মোঃ আল হাফিজ, ক্যাশ ইন চার্জ এর নিকট হস্তান্তর করেন।

০৩। আপনাকে/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রতিষ্ঠানটির বিক্রয় তথ্য কিভাবে সংরক্ষণ করা হয় এবং কোন পদ্ধতিতে মূসক চালানপত্র ইস্যু করা হয় তা জানতে চাওয়া হলে আপনি/ প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জানান ইসিআর মেশিনের মাধ্যমে মূসক চালানপত্র আপনারা ইস্যু করেন। ইসিআর মেশিনের মাধ্যমে ইস্যুকৃত চালানপত্র যাচাই এবং তল্লাশির এক পর্যায়ে আপনাদের অফিস কক্ষে সংরক্ষিত ৮ টি শপিং ব্যাগে ইসিআর মেশিনের মাধ্যমে ইস্যুকৃত চালানপত্রসহ প্রতিষ্ঠানটির ক্রয় ও বিক্রয় সংক্রান্ত আরও কিছু চালানপত্র পাওয়া যায়। প্রাপ্ত চালানপত্র আড়াআড়ি যাচাই করে দেখা যায় যে, সার্কেল অফিসে প্রতি কর মেয়াদে দাখিলকৃত দাখিলপত্রে প্রদর্শিত সেবার মূল্য এবং তার উপর প্রযোজ্য মূসক এর পরিমানের সাথে ইসিআর মেশিনের মাধ্যমে ইস্যুকৃত চালানপত্রে উল্লিখিত সেবার মূল্য এবং তার উপর প্রযোজ্য মূসকের পরিমাণ এর মধ্যে গড়মিল রয়েছে। উক্ত অসামঞ্জস্যতা পরিলক্ষিত হওয়ায় এবং সঠিক করদায়িতা নিরূপনের লক্ষ্যে তদন্ত কর্মকর্তাগণ কর্তৃক মূসক ফরম-৫ প্রদানপূর্বক আপনাদের প্রতিষ্ঠানের হিসাব সংক্রান্ত দলিলাদি, ১ টি ইসিআর মেশিন এবং ১ টি সিপিইউ জব্দ করে আনা হয়।

আপনার প্রতিষ্ঠানের জব্দকৃত দলিলাদি, ইসিআর মেশিন এবং সিপিইউ এ সংরক্ষিত তথাদি যাচাই বাছাই করে ফাঁকিকৃত রাজস্বের পরিমান নিম্নে "ছক' আকারে দেখানো হলোঃ

ছক

কর মেয়াদ	সেবা মূল্য (মূসকসহ)	প্রদেয় মূসক	দাখিলপত্রে প্রদর্শিত ট্রেজারির মাধ্যমে জমাকৃত মূসক	অপরিশোধিত মূসক	অপরিশোধিত মূসক এর সেবার মূল্য (মূসকসহ মূল্য)	সুদ	মোট (৫+৭)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
মে/২০১৪	৮৫২৭০২	১১১২২২	০	১১১২২২	৮৫২৭০২	২৬৬৯৩	১৩৭৯১৫
জুন/২০১৪	৮৪৭৯৫৯	১১০৬০৩	৯০০০	১০১৬০৩	৭৭৮৯৫৯	২২৩৫৩	১২৩৯৫৬
জুলাই/২০১৪	৮০২৮১৩	১০৪৭১৫	৯৭০০	৯৫০১৫	৭২৮৪৪৬	১৯০০৩	১১৪০১৮
আগস্ট/২০১৪	১০৭১১০০	১৩৯৭০৯	৯৮০০	১২৯৯০৯	৯৯৫৯৬৭	২৩৩৮৪	১৫৩২৯২
সেপ্টেম্বর/২০১৪	১৩৭২৫৩৬	১৭৯০২৬	৯৯০০	১৬৯১২৬	১২৯৬৬৩৬	২৭০৬০	১৯৬১৮৭
অক্টোবর/২০১৪	১৪৮৪৭৯৯	১৯৩৬৬৯	৯৬০০	১৮৪০৬৯	১৪১১১৯৯	২৫৭৭০	২০৯৮৩৯
নভেম্বর/২০১৪	১৩০১৫৭১	১৬৯৭৭০	৯৪০০	১৬০৩৭০	১২২৯৫০৪	১৯২৪৪	১৭৯৬১৫
ডিসেম্বর/২০১৪	১১৪২৬৭৫	১৪৯০৪৫	১০২০০	১৩৮৮৪৫	১০৬৪৪৭৫	১৩৮৮৪	১৫২৭২৯
জানুয়ারী/২০১৫	১১১৩৯৩১	১৪৫২৯৫	৮৭০০	১৩৬৫৯৫	১০৪৭২৩১	১০৯২৮	১৪৭৫২৩
ফেব্রুয়ারী/২০১৫	১২২২৭২৯	১৫৯৪৮৬	৯২০০	১৫০২৮৬	১১৫২১৯৬	৯০১৭	১৫৯৩০৪
মার্চ/২০১৫	১৩৯৮৯৫৪	১৮২৪৭২	৯৬০০	১৭২৮৭২	১৩২৫৩৫৪	৬৯১৫	১৭৯৭৮৭
এপ্রিল/২০১৫	১৪৬৭৮৯৬	১৯১৪৬৫	১০১০০	১৮১৩৬৫	১৩৯০৪৬৩	৩৬২৭	১৮৪৯৯২
মে/২০১৫	১২০০০৫০	১৫৬৫২৮	০	১৫৬৫২৮	১২০০০৫০	০	১৫৬৫২৮
সর্বমোট	১৫২৭৯৭১৫	১৯৯৩০০৬	১০৫২০০	১৮৮৭৮০৬	১৪৪৭৩১৮২	২০৭৮৭৮	২০৯৫৬৮৫

উপরিল্লিখিত ছকে দেখা যায় যে, আপনার প্রতিষ্ঠানটি মে/২০১৪ইং হইতে মে/২০১৫ইং পর্যন্ত সময়ে প্রযোজ্য মূসকের পরিমান ১৯,৯৩,০০৬/-(উনিশ লক্ষ তিরানব্বই হাজার ছয়) টাকা। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উক্ত সময়ে ট্রেজারী চালানের মাধ্যমে ১,০৫,২০০/-(এক লক্ষ পাঁচ হাজার দুইশত) টাকা সরকারী কোষাগারে জমা করে মাসিক দাখিলপত্রে (মূসক-১৯) দেখিয়েছেন। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অবশিষ্ট (১৯,৯৩,০০৬-১,০৫,২০০)= ১৮,৮৭,৮০৬/- (আঠার লক্ষ সাতাশি হাজার আটশত ছয়) টাকা কর পরিহার করেছেন।

০৪। সুতরাং প্রতীয়মান হয় যে, আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ক্যাফে হলিউড, বাড়ী-২৫ (৫ম তলা) পয়েন্ট-১১, ব্লক- এইচ, রোড-১১, বনানী, ঢাকা অনাদায়ী মূল্য সংযোজন কর (মূসক) বাবদ ১৮,৮৭,৮০৬/- (আঠার লক্ষ সাতাশি হাজার আটশত ছয় টাকা মাত্র) টাকা ব্যক্তিগতভাবে লাভবান হবার উদ্দেশ্যে সরকারী কোষাগারে জমা প্রদান না করে আত্মসাৎ করেছেন, যা অবিলম্বে আদায়যোগ্য। আপনার/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এরূপ কার্যকলাপে সরকারের রাজস্ব ক্ষতিসাধন হয়েছে; যা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৩, ৬, ৩১ ও ৩২ এবং একই আইনের অধীনে প্রণীত বিধিমালার বিধি- ২২ ও ২৩ এর সুস্পষ্ট লংঘন। আপনার/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এরূপ কার্যকলাপ সম্পূর্ণরূপে বেআইনী এবং সরকারী রাজস্ব সংরক্ষণের পরিপন্থী। এ অবস্থায়, মূসক ফাঁকি মামলার প্রতিবেদনে উল্লিখিত প্রতিষ্ঠানটির অনাদায়ী মূল্য সংযোজন কর (মূসক) বাবদ ১৮,৮৭,৮০৬/- (আঠার লক্ষ সাতাশি হাজার আটশত ছয় মাত্র) টাকা পরিশোধের লক্ষ্যে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা- ৫৫(১) এর বিধান অনুযায়ী উল্লিখিত দাবীকৃত টাকা সরকারী কোষাগারে জমা দেয়ার জন্য আপনার/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বরাবরে দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিস সূত্রোক্ত ০২ নং পত্রের মাধ্যমে জারি করা হয়।

০৫। এ পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত ৩নং পত্রের মাধ্যমে আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য অনুরোধ করেন। এ পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত ০৬ নং পত্রের মাধ্যমে বিগত ২৬/১০/২০১৫ খ্রিঃ তারিখ শুনানীর দিনক্ষণ নির্ধারণ হলে ঐ দিনে আপনার প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি জনাব মোঃ শহীদুল ইসলাম, উপস্থিত হন এবং তিনি ব্যবস্থাপনা পরিচালকের শারীরিক অসুস্থতার জন্য আরও কিছুদিন সময় প্রার্থনা করেন। ফলে ন্যায় বিচারের স্বার্থে মামলাটি আইনি প্রক্রিয়ায় নিষ্পত্তির লক্ষ্যে সূত্রোক্ত ০৮ নং পত্রের মাধ্যমে ০৩/১১/২০১৫ খ্রিঃ তারিখ বেলা ১০.০০ টায় শুনানীর সময় পুনঃ নির্ধারণ করা হয়।

০৬। বিগত ০৩/১১/২০১৫ খ্রিঃ তারিখে প্রতিষ্ঠানের পক্ষ থেকে জনাব মোহাম্মদ আলী উপস্থিত হন। সরকার পক্ষে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা এবং এ দপ্তরের সহকারী কমিশনার উপস্থিত হয়ে স্ব-স্ব বক্তব্য প্রদান করেন। প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি শুনানীকালে বলেন যে, কারণ দর্শানো নোটিসে যে পরিমাণ বিক্রয়ের উল্লেখ রয়েছে তা প্রকৃতপক্ষে সঠিক নয়। ব্যাংক ঋণ পাওয়ার সুবিধার্থে বিক্রয় বৃদ্ধি করে দেখানোর প্রবণতা ছিল যার সংশ্লিষ্ট চালানগুলি ভ্যাট কর্তৃপক্ষ জব্দ করেছে। তিনি নমনীয়ভাবে মামলাটি বিবেচনার অনুরোধ করেন এবং তরুণ উদ্যোক্তগণ যেন ব্যবসা করতে পারেন সেদিকে সুদৃষ্টি দেয়ার অনুরোধ করেন। এ পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারণ দর্শানো নোটিসে যে পরিমাণ বিক্রয়ের উল্লেখ রয়েছে তা প্রকৃতপক্ষে সঠিক নয় মর্মে দাবীর স্বপক্ষে আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কোন দালিলিক প্রমাণ দাখিলে ব্যর্থ হয়েছেন। ব্যাংক ঋণ পাওয়ার সুবিধার্থে বিক্রয় বৃদ্ধি করে দেখানোর প্রবণতা ছিল যার সংশ্লিষ্ট চালানগুলি ভ্যাট কর্তৃপক্ষ জব্দ করেছে মর্মে যে বক্তব্য উল্লেখ করেছেন তার বাস্তবিক প্রেক্ষাপটে যুক্তিযুক্ত নয়। কারণ ক্রেতা/গ্রাহক ছাড়া বিক্রয় বৃদ্ধি করা এটা

প্রতিষ্ঠানের পক্ষে সম্ভব নয়, ফলে আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ মূসক ফাঁকি হয়নি মর্মে কোন দালিলিক প্রমাণ দাখিলে ব্যর্থ হওয়ায় **ফাঁকি প্রদত্ত মূসক বাবদ ১৮,৮৭,৮০৬/- (আঠার লক্ষ সাতাশি হাজার আটশত ছয় টাকা মাত্র) টাকা আপনার/প্রতিষ্ঠানটির নিকট হতে অবিলম্বে আদায়যোগ্য।**

০৮। এ অবস্থায়, ক্যাফে হলিউড, বাড়ী-২৫ (৫ম তলা) পয়েন্ট-১১, ব্লক- এইচ, রোড-১১, বনানী, ঢাকা নামক প্রতিষ্ঠানের বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং-১৭/২০১৫ খ্রিঃ, তারিখ-২৮/০৬/২০১৫ খ্রিঃ অনুযায়ী মে/২০১৪ খ্রিঃ হতে মে/২০১৫ খ্রিঃ পর্যন্ত মেয়াদে ফাঁকিপ্রদত্ত/অনাদায়ী ও কম পরিশোধিত মূল্য সংযোজন কর (মূসক) বাবদ ১৮,৮৭,৮০৬/- (আঠার লক্ষ সাতাশি হাজার আটশত ছয় টাকা মাত্র) টাকা পরিশোধের লক্ষ্যে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫(৩) এর বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে আমি, নিম্নস্বাক্ষরকারী উল্লিখিত দাবীকৃত টাকা সরকারী কোষাগারে জমা দেয়ার জন্য এতদ্বারা আপনি/প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বরাবরে চূড়ান্ত দাবীনামা জারি করলাম। দাবীকৃত টাকা ট্রেজারী চালানের মাধ্যমে "১/১১৩৩/০০১৫/০৩১১" হিসাব কোডে ১০ (দশ) দিনের মধ্যে জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপি সংশ্লিষ্ট সার্কেল অফিসে দাখিল করে তার একটি ছায়ালিপি এ দপ্তরে জমা দেয়ার জন্যও অনুরোধ করা হলো।

মোঃ মাসুদ সাদিক
কমিশনার
ফোন ঃ ০২-৮৯৬৩১১৫
ফ্যাক্স ঃ ০২-৫৮৯৫৩৪৩৩
ই-মেইল ঃ commdkn@nbr.gov.bd

নথি নং ৪-মূসক/৮(৭০)ক্যাফে হলিউড/কর ফাঁকি/ বিচার/২০১৫/ ৬৬৫(২) তারিখঃ- ০৭/১২/১৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য ঃ

০১। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গুলশান বিভাগ।

০২। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গুলশান সার্কেল-২। তাঁকে এ দাবীনামাটি প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী এর নিকট পৌঁছে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রাপ্তি স্বীকারপত্র এ দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হ'ল।

মির্জা রাফেজা সুলতানা
সহকারী কমিশনার